

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রত্নলাল নাথ আজ উনকোটি জেলার কুমারঘাটের পাবিয়াছড়া রেগুলেটেড মার্কেটের পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন।
- (২) আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩০ অক্টোবর পর্যন্ত রাজ্য ৩ লক্ষ ৬৬ হাজার ৭৮০ জন সুবিধাভোগী সম্পূর্ণ বিনামূল্যে বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা পেয়েছেন।
- (৩) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন।
- (৪) উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন ৩টি নতুন ফৌজদারি আইন - ভারতীয় ফৌজদারি বিচার ব্যবস্থাকে ওপনিবেশিক উত্তরাধিকার থেকে মুক্ত করেছে।

Agri. Minister-Kumarghat :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রত্নলাল নাথ আজ উনকোটি জেলার কুমারঘাটের পাবিয়াছড়া রেগুলেটেড মার্কেটের পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন। এক্ষেত্রে ব্যয় হয়েছে, ৩ কোটি ১২ লক্ষ টাকা। উদ্বোধকের ভাষণে কৃষিমন্ত্রী বলেন, রাজ্যের ৫৮টি ব্লক এলাকাতেই "কৃষি মহকুমা" স্থাপনের জন্য রাজ্য

সরকার উদ্যোগ নিয়েছে। বর্তমানে রাজ্য ৪৭টি কৃষি মহকুমা রয়েছে বলে তিনি জানান। কৃষিমন্ত্রী বলেন, রাজ্য এখন পর্যন্ত ৩২টি কৃষকবন্ধু কেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্তমান সরকারের আমলে ৩৮ হাজার কৃষককে কৃষি যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। তিনি বলেন, রাজ্যের প্রতিটি বিধানসভা এলাকায় একটি করে আধুনিক রেগুলেটেড মার্কেটের পরিকাঠামোগত উন্নয়ন করা হবে। কৃষিমন্ত্রী আজ কুমারঘাটে ২ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে নবনির্মিত কৃষি উন্নয়ন গবেষণা তথা প্রশিক্ষণ কেন্দ্রের আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করেন। তাছাড়া কুমারঘাটে উদ্যানচর্চা দপ্তরের উপ-অধিকর্তা কার্যালয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এতে ব্যয় হবে ২ কোটি ১৮ লক্ষ টাকা। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস, কৃষি অধিকর্তা শরদিন্দু দাস প্রমুখ।

Ayushman Bharat :

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় গত ৩০ অক্টোবর পর্যন্ত রাজ্য ৩ লক্ষ ৬৬ হাজার ৭৮০ জন সুবিধাভোগী সম্পূর্ণ বিনামূল্যে বিভিন্ন রোগের চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এছাড়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্পেও ৩০ অক্টোবর পর্যন্ত ১৭,৬৩৫ জন সুবিধাভোগী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেছেন। ত্রিপুরা হেলথ প্রোটেকশন সোসাইটির মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডক্টর শুভেন্দু দেববর্মা একথা জানান। তিনি জানান, ২০১৮ সালের ২৩ সেপ্টেম্বর আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু হওয়ার পর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত রাজ্য ১৫ লক্ষ ৪১ হাজার ২২১ জন কার্ড পেয়েছেন। এরফলে ৬ লক্ষ ৬৩ হাজার ১৬০ পরিবার আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত হয়েছে। এই যোজনায় চিকিৎসা খরচ বাবদ বিভিন্ন হাসপাতালে দাবি নিষ্পত্তি হয়েছে ২০৪ কোটি ৫ লক্ষ ৯৫ হাজার ৯৫৮ টাকা। রাজ্য

১৩৫টি সরকারি হাসপাতালে বিভিন্ন ধরনের রোগের চিকিৎসা সুযোগ পেয়েছেন সুবিধাভোগীরা। তাছাড়া চলতি বছরের ১৫ ফেব্রুয়ারি রাজ্যে চালু হওয়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৩০ অক্টোবর পর্যন্ত কার্ড পেয়েছেন ৪ লক্ষ ৬৬ হাজার হাজার ৫১০ জন। এই যোজনায় বিভিন্ন হাসপাতালে সুবিধাভোগীদের চিকিৎসা বাবদ ৪ কোটি ৬৫ লক্ষ ৭৮ হাজার ৮১৯ টাকা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, সারাদেশে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রীর জন্য আরোগ্য যোজনায় ২৬ হাজারের উপর হাসপাতালে চিকিৎসার সুযোগ পাচ্ছেন সুবিধাভোগীরা। ত্রিপুরা মেডিকেল কলেজ এবং রাজ্যের ৪টি বেসরকারি হাসপাতালে এই যোজনায় চিকিৎসার সুযোগ পাওয়া যাচ্ছে।

Youth Festival-Kailashahar :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, যুবক-যুবতীদের অভ্যন্তরীণ প্রতিভার বহিঃপ্রকাশ এবং সাংস্কৃতিক ক্ষেত্রে তাদের আরো উৎসাহী করতে যুব উৎসবের গুরুত্ব অপরিসীম। তিনি বাল্যবিবাহ রোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ ভাষন দেন। প্রায় দুই শতাধিক যুবক-যুবতী জেলাভিত্তিক যুব উৎসবে অংশ নেন। যুব উৎসবের পাশাপাশি এখানে বিজ্ঞান মেলারও আয়োজন করা হয়।

Train :

আগরতলা লামড়িং রুটে আজ স্বাভাবিকভাবেই ট্রেন চলাচল করছে। দূরপাল্লার সবগুলো ট্রেন আগরতলা এসেছে এবং

দূরপাল্লার ৩টি ট্রেন আজ আগরতলা থেকে যাত্রা করেছে। আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহু জানান, কাঞ্চনজঙ্গী এক্সপ্রেসও আজ সাব্রুমে পৌঁছেছে। আগরতলা থেকে রাজধানী এক্সপ্রেস সন্ধ্যা সাতটায় যাত্রা করেছে। তাছাড়া মুষ্টাইগামী লোকমান্য তিলক এবং সেকেন্দ্রাবাদ এক্সপ্রেসটি আজ যথারীতি আগরতলা থেকে যাত্রা করেছে।

International Disaster Risk Reduction Day :

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের মহিলা সেল এবং কলেজের অভ্যন্তরীন গুনমান নিশ্চিতকরণ সেলের যৌথ উদ্যোগে আজ আন্তর্জাতিক দুর্যোগ ঝুঁকি হ্রাস দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষ্যে শপথ গ্রহণ করা হয়। ইউনিসেফের রিপোর্ট অনুযায়ী বিভিন্ন ক্রমবর্ধমান দুর্যোগের কারনে প্রায় এক বিলিয়ন শিশু অত্যন্ত ঝুঁকিপূর্ণ জীবন অতিক্রম করতে চলেছে। মৃত্যু এবং আঘাতের ঝুঁকি ছাড়াও, দুর্যোগ পরবর্তী সময়ে স্কুলে পড়াশুনা, পুষ্টি, স্বাস্থ্য পরিসেবা এবং সুরক্ষা সংক্রান্ত সমস্যাগুলির বিষয়ে আজকের অনুষ্ঠানে আলোচনা করেন কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ, অধ্যাপক ড. সুদীপ গোস্বামী ও অধ্যাপিকা ড. উমা বেগম।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যাল্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

New criminal laws :

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন যে জনপ্রশাসনের সঙ্গে যুক্ত মানুষদের জাতীয়তাবাদের মূল্যবোধ, একটি উন্নত ও অখণ্ড ভারতের ধারণা এবং ভয় বা পক্ষপাত ছাড়াই সমস্ত ভারতীয় নাগরিকদের সেবা করার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ থাকা উচিত। তিনি আজ নতুনদিল্লিতে ইন্ডিয়ান ইনসিটিউট অফ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, আইআইপিএ-এর ৭০তম বার্ষিক সাধারণ সভায় বক্তৃব্য রাখছিলেন। তিনি বলেন যে ভারত দ্রুত ঔপনিবেশিক মানসিকতা পরিত্যাগ করছে। তিনি জোর দিয়ে বলেন যে নতুন ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম-ভারতীয় ফৌজদারি বিচার ব্যবস্থাকে ঔপনিবেশিক উত্তরাধিকার থেকে মুক্ত করেছে। তিনি উল্লেখ করেছেন যে এটি একটি বিশাল এবং বৈপ্লাবিক পরিবর্তন যে 'দণ্ড' সংহিতা এখন 'ন্যায়' সংহিতায় পরিণত হয়েছে এবং এটি ক্ষতিগ্রস্তদের স্বার্থ রক্ষা করতে এবং দক্ষতার সঙ্গে বিচার পরিচালনা করতে সহায়ক।

Special Train :

ছট উৎসব উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে ও নির্বিঘ্নে যাতায়াতের জন্য বেলওয়ে বিশেষ ট্রেন চালাচ্ছে। আজ, বেলওয়ে ১৮৫টি বিশেষ ট্রেন চালাচ্ছে এবং প্রায় ২৫টি উৎসব বিশেষ ট্রেন দিল্লি-এনসিআর থেকে দেশের বিভিন্ন অংশে যাত্রা করছে। এর মধ্যে সহরসা, বারাণসী, অযোধ্যা, লখনউ, পাটনা, মুজাফফরপুর, গোরখপুর, প্রয়াগরাজ, দরভাঙ্গা, ইন্দোর এবং তিরুবনন্তপুরমের

বিশেষ ট্রেন অন্তর্ভুক্ত রয়েছে। উত্তর রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক হিমাংশু শেখর উপাধ্যায় বলেন, রেল নিয়মিত ট্রেনের পাশাপাশি বিশেষ উৎসব ট্রেনগুলি চালাচ্ছে। উল্লেখ্য, রেলওয়ে প্রতিদিন অতিরিক্ত দুই লক্ষ যাত্রীর চলাচলের সুবিধা দিচ্ছে। ভারতীয় রেলওয়ে গত মাসের এক তারিখ থেকে এই মাসের ৩০ তারিখ পর্যন্ত যাত্রী ভিড় সামলাতে প্রায় সাত হাজারটি বিশেষ ট্রেন চালাচ্ছে। উৎসবের সময় রেলওয়ে এক কোটিরও বেশি যাত্রী বহন করবে বলে জানা গেছে।

N F Railway :

‘ডিজিটাল ইন্ডিয়া’ অভিযানে সহায়তার জন্য এবং নগদহীন লেনদেন চালু করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার পাঁচটি ডিভিশন তথা কাটিহার, রঞ্জিয়া, আলিপুরদুয়ার, লামড়িং ও তিনসুকিয়ার ৫৮৮টি বুকিং কাউন্টারকে কিউআর কোড মেশিন দিয়ে সজ্জিত করেছে। এই পদক্ষেপের ফলে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নেটওয়ার্কের মধ্যে প্রায় সমস্ত প্রধান যাত্রীরা ডিজিটাল পেমেন্ট পদ্ধতির দ্বারা সুবিধাজনক ও দক্ষতার সাথে টিকিট কাটতে পারবেন।

বর্তমানের উৎসবের মরসুমে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে যাত্রীদের ভিড় সামলাতে ও চাহিদা পূরণ করতে একাধিক স্পেশাল ট্রেন চালু করা হয়েছে। বুকিং কাউন্টারগুলিতে কিউআর কোড মেশিনের থাকায় ভ্রমণকারীদের সুবিধা হয়েছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে রেলযাত্রীদের বুকিং কাউন্টারগুলিতে নগদহীন টিকিট বুকিং ব্যবস্থার সুবিধা গ্রহণ করা এবং ভারতীয় রেলওয়ের এই ডিজিটাল পদক্ষেপের এক সক্রিয় অংশ হয়ে ওঠার জন্য আহ্বান জানানো হয়েছে।

Doctor expired :

রাজ্যের বিশিষ্ট ডায়াবেটিস বিশেষজ্ঞ ডাঃ সজল দেববর্মা আজ ভোরে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৪ বছর। ডাঃ সজল দেববর্মা আগরতলা সরকারি মেডিকেল কলেজে প্রতিষ্ঠার দিন থেকে মেডিসিন বিভাগে সিনিয়র রেসিডেন্ট পদে কর্মরত ছিলেন। কর্মজীবনে তিনি তিন দশকেরও বেশি সময় চিকিৎসা পরিষেবা প্রদান করেছেন। তাঁর মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই চিকিৎসক মহলে শোকের ছায়া নেমে আসে।

Deputation Sonamura :

সোনামুড়ায় একটি সি.এন.জি স্টেশন স্থাপন ও সোনামুড়া-বক্রনগর সড়ক সংস্কারের দাবিতে আজ অটোরিক্সা শ্রমিক সংঘের পক্ষ থেকে দুই দফা দাবিতে সোনামুড়া মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। দাবিগুলি হল সোনামুড়ায় একটি সি.এন.জি স্টেশন স্থাপন ও সোনামুড়া-বক্রনগর সড়ক সংস্কার।

Diwali-North :

দীপাবলি ও শ্যামাপূজা উপলক্ষ্যে আজ পঞ্চম দিনেও উত্তর জেলার ধর্মনগর শহর উৎসব মুখর। আজ সন্ধিয়ার পর থেকে মন্দপে মন্দপে দর্শনার্থীদের ভিড় বাঢ়ছে। রাজ্যের বিভিন্ন মহকুমা ও আসামের বিভিন্ন জায়গা থেকেও আজ দর্শনার্থীরা আসছেন।

ADC-Sepahijala :

এ.ডি.সি-র শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ চাড়িলাম ব্লকের হেরমা কমিউনিটি হলে শিক্ষক শিক্ষিকাদের এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এডিসি'র বিশ্রামগঞ্জ সাবজেনাল বিদ্যালয় পরিদর্শক আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে বিশ্রামগঞ্জ ও মোহনভোগ

সাবজোনালের অন্তর্গত স্কুলগুলির শিক্ষক শিক্ষিকারা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শিবিরে উদ্বোধন করেন এডিসি-র শিক্ষা বিভাগীয় কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা। উপস্থিত ছিলেন বিধায়ক সুবোধ দেববর্মা ও এডিসি'র পদস্থ আধিকারিকগন।

BJP Sadasyata abhijan :

বিজেপি'র সদস্যতা অভিযান নিয়ে আজ আগরতলার হাঁপানিয়ায় একটি সাংগঠনিক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, প্রদেশ বিজেপি সহ-সভাপতি তাপস ভট্টাচার্য ও সাধারণ সম্পাদক অমিত রক্ষিত।

Congress Padajatra :

প্রদেশ সদর জেলা কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলার বনমালীপুর এলাকায় সংহতি পদ্যাত্ত্বার আয়োজন করা হয়। পদ্যাত্ত্বায় অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক গোপাল রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ।

AAI Agartala :

বেশ কিছু দিন বন্ধ থাকার পর আগরতলা থেকে ডিব্রুগড়ের মধ্যে বিমান চলাচল শুরু হয়েছে। গত সপ্তাহ থেকে এই উড়ান শুরু হয়েছে। এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার আগরতলা এম বি বি বিমানবন্দরে সহকারী জেনারেল ম্যানেজার এইচ এস জেম্পু জানিয়েছেন, ইন্ডিগো বিমান সংস্থার ব্যাঙ্গালুরু-আগরতলা উড়ানটি সপ্তাহের প্রতি মঙ্গল, বৃহস্পতি ও শনিবার এই তিন দিন ডিব্রুগড় হয়ে চলাচল করে। সপ্তাহের বাকি চারদিন রবিবার সোমবার, বুধবার ও শুক্রবার ইম্ফুল হয়ে যাতায়াত করছে।

Workshop :

পশ্চিম জেলা প্রশাসনের স্বচ্ছ ভারত মিশনের উদ্যোগে আজ পুরাতন আগরতলা ব্লক কার্যালয়ে একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ শিবিরে গ্রাম প্রধান, উপপ্রধান, পঞ্চায়েত সচিব, টি আর এল এম এর প্রতিনিধি সহ মোট ৭০ জন অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্না রানী দাস, ভাইস চেয়ারপারসন, মন্টি দেবনাথ প্রমুখ।

University Football :

পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের লড়াই থেকে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় বিদায় নিয়েছে। ইম্ফলের জাতীয় ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আসরে আজ এল এন মিথিলা বিশ্ববিদ্যালয় গ্রুপের ফাইনালে ১-০ গোলে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়কে প্রারজিত করে।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন বাইশ ডিগ্রী সেলসিয়াস।
